

বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বাংলাদেশ ব্যাংক ওয়েব সাইট : www.bangladeshbank.org.bd

সার্কুলার পত্র নং- ০১/২০০৯

২৫ চৈত্র, ১৪১৫

তারিখঃ-----

০৮ এপ্রিল, ২০০৯

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের  
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

১৯৪৭ সালের বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইনের ১৮এ এবং ১৮ বি ধারার  
আওতায় অনুমোদন গ্রহণ/নবায়ন/অন্তর্ভুক্তির আবেদন অত্র কার্যালয়ে  
প্রেরণকালে প্রয়োজনীয় তথ্য/দলিলাদি প্রেরণ প্রসংগে

প্রিয় মহোদয়গণ,

শিরোনামোক্ত বিষয়ে অত্র বিভাগের ২৪/০৯/২০০৭ তারিখে জারীকৃত সার্কুলার পত্র নং-০১/২০০৭  
এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। রপ্তানী উৎসাহ, ব্যবসা বাস্তব পরিবেশ সৃষ্টি এবং উপরোক্ত আইনের ১৮এ ধারার আওতায়  
অনুমোদন/নবায়ন/অন্তর্ভুক্তি সংক্রান্ত আবেদন বিবেচনার প্রক্রিয়া সহজতর করার উদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংক  
প্রাপ্তে নিম্নোক্ত সিদ্ধান্তমূহ গৃহীত হয়েছে :

- ক) অনুমোদিত বায়িং এজেন্ট কর্তৃক দাখিলকৃত নতুন বিদেশী প্রিন্সিপালের নাম অন্তর্ভুক্তি  
অথবা নবায়নের আবেদন প্রক্রিয়াধীন থাকাকালে অননুমোদিত বিদেশী প্রিন্সিপালের নিকট  
হতে প্রাপ্ত রপ্তানী ঋণপত্রের সত্যায়িত কপি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পক্ষে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির  
স্বাক্ষর ব্যাংক কর্মকর্তা কর্তৃক যথাযথভাবে সনাক্ত করে (স্বাক্ষর সনাক্তকারীর নাম ও  
পদবী উল্লেখসহ) আবেদন করা হলে দেশের রপ্তানী বাণিজ্য প্রসারের স্বার্থে  
তাৎক্ষণিকভাবে ঋণপত্র হস্তান্তরের অনুমোদন প্রদানের বিষয় বিবেচনা করা হবে।  
প্রতিষ্ঠানটির অনুমোদন শর্তের যথাযথ পরিপালনসহ সামগ্রিক কার্যক্রম সন্তোষজনক  
বিবেচনায় পরবর্তীতে সংশ্লিষ্ট প্রিন্সিপালের নাম অন্তর্ভুক্তির আবেদন বিবেচনা করা হবে।  
তবে পরবর্তীতে ঋণপত্র প্রাপ্তির পূর্বেই প্রিন্সিপালের নাম অন্তর্ভুক্তির অনুমোদন গ্রহণের  
নিমিত্তে অধিকতর স্বচেষ্টা হবার জন্য এডি ব্যাংকগুলো তাদের গ্রাহক প্রতিষ্ঠানগুলোকে  
যথাযথভাবে পরামর্শ প্রদান করবে।

চলমান পাতা/২

- খ) অনুমোদিত স্থানীয় ইন্ডেন্টিং ও বায়িং এজেন্ট কর্তৃক বিদেশী প্রিন্সিপালের সাথে চুক্তিপত্র সম্পাদনের পূর্বেই অনেক ক্ষেত্রে আমদানী-রপ্তানী সংক্রান্ত ব্যবসায়িক লেনদেনের বিষয়টি চূড়ান্ত হয়ে থাকে। এক্ষেত্রে দেশের বৃহত্তর স্বার্থে এবং নির্বিঘ্ন আমদানী রপ্তানী কার্যক্রম অব্যাহত রাখার নিমিত্তে চুক্তিপত্র ছাড়াই অন্যান্য প্রয়োজনীয় দলিলাদির সঠিকতা এডি ব্যাংকগুলো কর্তৃক যাচাইপূর্বক তাদের গ্রাহকের পক্ষে সুপারিশসহ বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগ/অফিস প্রধান বরাবরে প্রেরণ করা হলে একটি অন্তর্বর্তীকালীন অনুমোদন প্রদানের বিষয় বিবেচনা করা হবে। অনুমোদন সংক্রান্ত এ সুবিধা গ্রহণের ক্ষেত্রে অনুরূপ অনুমোদন পত্রের তারিখ হতে পরবর্তী সর্বোচ্চ ৬০ (ষাট) দিনের মধ্যে এডি ব্যাংকগুলোর মাধ্যমে বিদেশী প্রিন্সিপালের সাথে বাংলাদেশ ব্যাংক প্রদত্ত নির্দেশনা অনুযায়ী সম্পাদিত চুক্তিপত্রের সত্যায়িত কপি বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগ/অফিস প্রধান বরাবরে প্রেরণ করতে হবে। উক্ত সময়সীমার মধ্যে চুক্তিপত্রের কপি দাখিল করা না হলে প্রদত্ত অন্তর্বর্তীকালীন অনুমোদন স্বয়ংক্রিয়ভাবে (automatically) বাতিল বলে গণ্য হবে।
- গ) স্থানীয় ইন্ডেন্টিং এজেন্ট হিসাবে অনুমোদন/নবায়ন/প্রিন্সিপাল অন্তর্ভুক্তি সংক্রান্ত আবেদনের সাথে দাখিলযোগ্য দলিলাদির তালিকা হতে ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট দাখিলের শর্ত ঐচ্ছিক করা হলো। তবে অত্র বিভাগের ২৪/০৯/২০০৭ তারিখে জারীকৃত সার্কুলার পত্র নং-০১/২০০৭ এর ৩(ii) অংশে/অনুচ্ছেদে উল্লিখিত প্রয়োজনীয় অন্যান্য দলিলাদি আবেদনের সাথে যথারীতি দাখিল করতে হবে।
- ঘ) অনুমোদিত স্থানীয় বায়িং এবং ইন্ডেন্টিং এজেন্ট কর্তৃক তাদের কমিশন অর্জন/প্রত্যাভাসন সংক্রান্ত ত্রৈমাসিক বিবরণী বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ (রিটার্ন শাখা) বরাবরে প্রেরণের পাশাপাশি বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগেও প্রেরণ করতে হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

( মোঃ আবদুল মতিন  
মাহবুব )  
উপ-মহাব্যবস্থাপক  
ফোনঃ ৭১২৫০২৪